

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৭৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৫১]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ ইমাম নামায আদায় করার পর কোন প্রয়োজনীয় কথা মনে করে মানুষদেরকে ডিঙ্গিয়ে বের হয়ে গেলে

باب مَنْ صلَّى بِالنَّاسِ فَذَكَرَ حَاجَةً فَتَخَطَّاهُمْ

আরবী

وَ اللّهُ عَنْ عُقْبَةَ قَالَ: صَلَّيْتُ وَرَاءَ النّبِيّ بِالْمَدِينَةِ الْعَصْرَ، فَسَلّمَ ثُمَّ قَامَ مُسْرِعًا، فَتَخَطَّى رِقَابَ النّاسِ إِلَى بَعْضِ حُجَرِ نِسَائِهِ، فَفَرْعَ النَّاسُ مِنْ سُرْعَتِهِ، فَخَرَجَ عَلَيْهِمْ، فَرَأَى أَنّهُمْ عَجِبُوا مِنْ سُرْعَتِهِ، فَخَرَجَ عَلَيْهِمْ، فَرَأَى أَنّهُمْ عَجِبُوا مِنْ سُرْعَتِهِ، فَقَالَ ذَكَرْتُ شَيْئًا مِنْ تِبْرٍ عِنْدَنَا فَكَرِهْتُ أَنْ يَحْبِسَنِي، فَأَمَرْتُ بِقِسْمَتِهِ. إبخارى: الله

বাংলা

৪৭৬) উকবা বিন আমের (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা মদীনাতে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে আসরের নামায আদায় করলাম। সালাম ফিরিয়ে তিনি দ্রুত দাঁড়িয়ে গেলেন এবং মানুষের ঘাড় ডিঙ্গিয়ে তাঁর স্ত্রীদের কোন একটি কামরায় প্রবেশ করলেন। তাঁর তাড়াহুড়া দেখে লোকেরা শঙ্কাবোধ করল। কিছুক্ষণ পর তিনি লোকদের নিকট বের হয়ে এসে দেখলেন যে, তারা তাঁর তাড়াহুড়া দেখে আশ্চর্যবোধ করছে। তখন তিনি বললেনঃ আমার রক্ষিত কিছু স্বর্ণের কথা মনে পড়ল। আমি অপছন্দ করলাম যে, এই স্বর্ণ আমাকে আল্লাহর সারণ হতে বাধা প্রদান করুক। এ জন্যই আমি উহা বন্টন করে দেয়ার আদেশ দিয়ে আসলাম।

টিকাঃ এ হাদীছ থেকে প্রমাণিত হল ফর্য নামায শেষে ইমামের জন্য স্বীয় স্থানে বসে থাকা জরুরী নয়। প্রয়োজনের স্বার্থে তিনি সালাম ফিরানোর পরই স্থান ত্যাগ করতে পারেন।

## **English**

Whoever led the people in Salat (prayer) and remembered an rent matter or necessity and had to pass over the people (to carry out that)

## Narrated `Uqba:

I offered the `Asr prayer behind the Prophet (ﷺ) at Medina. When he had finished the prayer with Taslim, he got up hurriedly and went out by crossing



the rows of the people to one of the dwellings of his wives. The people got scared at his speed . The Prophet (ﷺ) came back and found the people surprised at his haste and said to them, "I remembered a piece of gold Lying in my house and I did not like it to divert my attention from Allah's worship, so I have ordered it to be distributed (in charity).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন